সমকাল

তারিখ: 24 SEP 2017
পৃষ্ঠা: ৩ কলাম: ৫

# শিক্ষা হওয়া উচিত দক্ষতা নির্ভর

—— শিক্ষামন্ত্রী

**সমকাল প্রতিবেদক**

কারিগরি প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের উদ্ভাবিত বিভিন্ন প্রকল্পে বিনিয়োগে এগিয়ে আসতে শিল্পপতি ও ব্যবসায়ীদের প্রতি আহ্বান জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। গতকাল শনিবার রাজধানীর আগারগাঁওয়ে পরমাণু শক্তি কমিশন অডিটোরিয়ামে 'স্কিলস কম্পিটিশন ২০১৭' এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এই আহ্বান জানিয়ে বলেন, শিক্ষা হওয়া উচিত দক্ষতানির্ভর। কারণ দক্ষতা অর্জন করতে না পারলে শিক্ষা নিয়ে অনেককেই বেকারত্বের যন্ত্রণা ভোগ করতে হয়। কারিগরি শিক্ষা অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন 'স্কিলস অ্যান্ড ট্রেনিং এনহ্যান্সমেন্ট প্রজেক্ট (স্টেপ)' এ অনুষ্ঠানের আয়োজন করে।

শিক্ষামন্ত্রী বলেন, বর্তমান সরকার শিক্ষাকে অগ্রাধিকার দিচ্ছে। আর কারিগরি শিক্ষাকে সর্বাধিক অগ্রাধিকার দেওয়া হচ্ছে।

শিল্পপতি ও ব্যবসায়ীদের উদ্দেশে তিনি বলেন, ছাত্রছাত্রীদের উদ্ভাবনী প্রকল্পে বিনিয়োগ করলে তারা আরও বেশি আবিষ্কারের দিকে মনোযোগ দেবে এবং চাহিদা অনুযায়ী নতুন নতুন প্রকল্প উদ্ভাবন করবে।

কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অশোক কুমার বিশ্বাসের সভাপতিত্বে অনুষ্ঠানে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব মো. আলমগীর, অতিরিক্ত সচিব একেএম জাকির হোসেন ভুঞা, কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ড. মোস্তাফিজুর রহমান, পৃষ্ঠা ১৭ : কলাম ১

# শিক্ষা হওয়া উচিত দক্ষতা

[তৃতীয় পৃষ্ঠার পর]

জাতীয় দক্ষতা উন্নয়ন কাউন্সিলের সচিব এবিএম খোরশেদ আলম, প্যাটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্ক অধিদপ্তরের রেজিস্ট্রার সানোয়ার হোসেন, বিশ্বব্যাংকের সিনিয়র অপারেসন্স অফিসার ড. মোখলেছুর রহমান এবং স্টেপ প্রকল্প পরিচালক এবিএম আজাদ বক্তব্য রাখেন।

২০১৪ সাল থেকে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিংয়ের শিক্ষার্থীদের মেধা ও উদ্ভাবনী শক্তির বিকাশের লক্ষ্যে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়ে আসছে। এর প্রাতিষ্ঠানিক পর্ব দেশব্যাপী ১৬২টি পলিটেকনিক ইনস্টিটিউটে আগামী ২১ অক্টোবর, আঞ্চলিক পর্ব দেশের ১৩টি অঞ্চলে একযোগে ১৮ নভেম্বর এবং জাতীয় পর্যায়ে ৯ ডিসেম্বর ঢাকায় অনুষ্ঠিত হবে। অনুষ্ঠানে গত তিন বছরের সেরা ৩০টি উদ্ভাবনী প্রকল্প প্রদর্শন করা হয়।

**আধুনিক পণ্য তৈরি করবে বাংলাদেশি শিক্ষার্থীরা :** এদিকে গতকাল রাজধানীর মহিলা পলিটেকনিক কলেজে স্যামসাংয়ের অর্থায়নে নতুন ল্যাব ও শর্ট কোর্স উদ্বোধনের সময় শিক্ষামন্ত্রী বলেন, বিদেশি পণ্য আমদানি কমাতে কারিগরি শিক্ষক-শিক্ষার্থীদের অভিজ্ঞ করে তোলা হচ্ছে। এই জ্ঞান ও মেধার সমন্বয়ে দেশেই আধুনিক মানের পণ্য উৎপাদন করা হবে।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব মো. আলমগীর।

কারিগরি শিক্ষা অধিদপ্তরের ভারপ্রাপ্ত পরিচালক অশোক কুমার বিশ্বাসের সঞ্চালনায় অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মোস্তাফিজুর রহমান, মহিলা পলিটেকনিকের অধ্যক্ষ রেবেকা ইয়াসমিন, স্যামসাংয়ের কান্ট্রি ম্যানেজার সিং ওয়াং ইয়ং প্রমুখ বক্তব্য রাখেন। মহিলা পলিটেকনিকের শিক্ষার্থীদের টিভি, ফ্রিজ, এয়ারকন্ডিশনার, ওয়াশিং মেশিন ও মোবাইল ফোনের ওপর মাসব্যাপী প্রশিক্ষণের উদ্যোগ নিয়েছে স্যামসাং কর্তৃপক্ষ।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.........................
তারিখ.........................
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর